

নীলাজ চক্রবর্তী

ক্রিটিক্যাল সেকশন

*

সামান্য লিখে রাখা জলের ভেতর

কে জুলাই বলল এখনই

কার

প্যানোরামায়

ক্লিক

ক্লিক উড়ছে নোটিশ পিরিয়ড জুড়ে

একটা

একটা

করে

দিন দিনের গোল গোলার্ধ জুড়ে জুড়ে

পাইল পাইলক্যাপ

ডিজাইন করতে করতে

খাতার বাইরে

চলে গেল যে ক্রিটিক্যাল সেকশন

তার কথায় কথায়...

কাঁচের কবিতা

*

ভাষা থেকে বহুদূর

লং শট উঠছে

কাঠের বাস্তবের চোখ অবধি

এই তৎসম মন

পড়তে পড়তে

একটা কাঁচের কবিতা

একটা জলের

কে কাকে জাস্টিফাই করছে

ধা অর্থে

কেমন সহজ হয়ে

এবং শব্দটির কাছে খুব

সরু হয়ে ফিরে আসছে চোয়ালে...

উদ্ভিদ

*

যে কবিতা

এক দ্বিবীজপত্রী উদ্ভিদ হয়ে
কাঁচক্ষেতের ভেতর নেমে যাচ্ছে
একটা জুম করা সিনট্যাক্স
এখানে
নিরক্ষর একটা ফ্রেম
যা কিছু স্ততির
জল
ভাগ করছে
খালি একটা বোতলের ভেতর
কথার গায়ে কথা
পড়ে যাচ্ছে
ধীর পায়ে
একটা দোরঙা জানলা...

[জঁ লুক গোদারের বিভিন্ন ফিল্মের ছোট ছোট ক্লিপিং এই লেখাগুলোয় বারবার (খুব অস্পষ্ট হলেও) ছায়া ফেলতে চেয়েছে কোনও না কোনওভাবে।]



নীলাজ চক্রবর্তীর জন্ম ১৯৭৭। লেখালিখি ২১-০ দশক থেকে। কৌরব পত্রিকা ও অনলাইন জালিকার নিয়মিত কবি। প্রকাশিত ছটি বইয়ের মধ্যে জন্ম – পীত কোলাজে নীলাজ (জানুয়ারি ২০১১, ৯য়া দশক), ইবুক গুলমোহর... রিপোর্ট হচ্ছে (ই-বুক) (২০১৩, বাক), কৌরব প্রকাশনীর প্রচ্ছদশিল্পীর ভূমিকায় (জানুয়ারি ২০১৪), লেখক কর্তৃক প্রকাশিত (জানুয়ারি ২০১৭), প্রভৃতি। ভালোবাসেন গানের পুরনো আর কবিতার নতুন। স্বপ্ন – মনের মতো একটা শর্ট ফিল্ম তৈরী করা। পেশায় সিভিল ইঞ্জিনিয়ার।